ডাইভিং পুলে ছাত্রের রহস্যমৃত্যু

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

ডাইভিং পুলে ছাত্রের ‘রহস্যজনক’ মৃত্যু হাওড়ার সাঁকরাইলের বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে। পুলিশ সূত্রে জানা গেছে, কলেজের ডাইভিং পুলে স্নান করার সময় শনিবার হঠাৎই অচৈতন্য হয়ে পড়েন ইঞ্জিনিয়ারিং কলেজের ওই ছাত্র। তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে নিয়ে আসা হয় আন্দুল রোডের এক বেসরকারি হাসপাতালে। সেখানে চিকিৎকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃত ছাত্রের নাম কপিল কুমার (২১)। বাড়ি হিমাচলপ্রদেশে। ছাত্রের পরিবার হাওড়ার সাঁকরাইল থানায় অভিযোগ দায়ের করেছেন। ঘটনার খবর পেয়ে সাঁকরাইল থানার পুলিশ ওই বেসরকারি কলেজে যায়। কলেজের সমস্ত সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হয়। দেড় মাস আগে এই কলেজে ছয় মাসের জন্য শর্ট টার্ম কোর্সে তিনি ভর্তি হয়েছিলেন। শনিবার ক্লাসও করেছিলেন।

হাওড়ার সাঁকরাইল

তারপর দুপুরে ডাইভিং পুলে প্র্যাকটিস করছিলেন। তখনই ঘটনাটি ঘটে। রবিবার সকালে মৃতের বাড়ির লোকজন ছুটে আসেন হাসপাতালে। ছাত্রের দিদি মণিকা কুমারের অভিযোগ, কপিল সাঁতার জানতেন। তাই কপিল জলে ডুবে মরতে পারেন না। আরও অভিযোগ, শনিবার বিকেলে মারা গেলেও বারবার কলেজ থেকে তাঁর অবস্থা সিরিয়াস বলে পরিবারকে বলা হয়েছিল। অথচ তাঁরা পরে জানতে পারেন কপিল শনিবারই মারা গেছেন। তাঁর দাবি, এই মৃত্যু নিছক দুর্ঘটনা নয়। কলেজের এক প্রশাসনিক আধিকারিক জানিয়েছেন তারা মৃতের পরিবারকে সব ধরনের সহযোগিতা করছেন। শনিবার সুইমিং পুল থেকে কপিলকে উদ্ধারের পর হাসপাতালে পাঠানো হয়। তখন হাসপাতাল কর্তৃপক্ষ মৃত বলে ঘোষণা করে। তার পরিবারের লোককে খবর দেওয়া হয়। গোটা ঘটনার তদন্ত করছে পুলিশ। পুলিশকে সিসিটিভি ফুটেজ দেওয়া হয়েছে। এদিকে, সাঁকরাইল থানার পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে। কলেজের ভিতরে সিসিটিভি ফুটেজ পরীক্ষা করা হচ্ছে। সোমবার দেহের ময়নাতদন্ত হবে। তারপরই মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। তাঁর সহপাঠীদেরও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

পুলিশের নোটিস দুই চিকিৎসককে

আজকালের প্রতিবেদন

বিনা অনুমতিতে সাইকেল র‍্যালি করার অভিযোগে অভয়া মঞ্চের দুই আহ্বায়ক চিকিৎসককে নোটিস দিল ঠাকুরপুকুর থানার পুলিশ। ডা. তমোনাশ চৌধুরী ও ডা. পুণ্যব্রত গুণকে নোটিস পাঠিয়েছে পুলিশ। তাঁদের গাড়িচালকদেরও নোটিস পাঠানো হয়েছে। সূত্রের খবর, তাঁদের দু’দিনের মধ্যে ঠাকুরপুকুর থানায় হাজিরা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে দুই চিকিৎসকের বিরুদ্ধে আইন অমান্য, জাতীয় সড়ক আইন লঙ্ঘন, সম্মিলিত অপরাধ, সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টি–সহ একাধিক ধারায় মামলাও রুজু করা হয়েছে। পুলিশ জানিয়েছে, হাজিরা এড়ালে চিকিৎসকদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ করা হবে। আজ, সোমবার ঠাকুরপুকুর থানায় যেতে পারেন ডা. তমোনাশ চৌধুরী। ৮ আগস্ট অভয়া মঞ্চের তরফে ঠাকুরপুকুর থেকে কলেজ স্ট্রিট পর্যন্ত সাইকেল র‍্যালি হয়েছিল। সেখানে অংশ নিয়েছিলেন ৬৫ জন সাইকেল আরোহী। অভিযোগ, পুলিশের অনুমতি না নিয়েই ওই সাইকেল র‍্যালি হয়েছিল।

ধর্না মঞ্চে বক্তব্য পেশ করছেন তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি, সাংসদ সায়নী ঘোষ। রয়েছেন অন্য নেতা–নেত্রীরা। রবিবার, গান্ধীমূর্তির পাদদেশে। ছবি: অভিজিৎ মণ্ডল

রাখিবন্ধনের দিনটি কলুষিত করেছে বিজেপি: সায়নী

দীপঙ্কর নন্দী

সৌভ্রাতৃত্বের প্রতীক রাখিবন্ধনের পবিত্র দিনটিকে কলুষিত করেছে বিজেপি। বাংলার মানুষ এর জবাব দেবে। ২০২৬–এর নির্বাচনে একটি আসনও পাবে না বিজেপি। রবিবার ময়দানে গান্ধীমূর্তির নীচে তৃণমূল যুব কংগ্রেসের ধর্নামঞ্চ থেকে একথা বলেছেন সংগঠনের রাজ্য সভাপতি সায়নী ঘোষ। গত দু’দিন ধরে তাঁরা ধর্না দিয়েছেন। তৃণমূল যুব কংগ্রেসের ধর্না রবিবারই শেষ হল। সায়নী বলেন, ‘মমতাদি ও অভিষেকের হাত শক্তিশালী করতে আমরা বদ্ধপরিকর। রাস্তায় নেমে বিজেপির বিরুদ্ধে আন্দোলন হবে এবার। বাংলা ভাষা নিয়ে বিজেপি যে নোংরামি করছে, তা বরদাস্ত করব না। বাংলা ভাষা নিয়ে বিজেপি বলার কে? এ ভাষা তো বহুদিন ধরে চলছে। আমার মা–ও বাংলা ভাষায় কথা বলেন। এরা বলছে, বাংলা ভাষা নাকি ছিলই না! এখন নতুন ভাবে অত্যাচার করছে, যা হল বিভিন্ন বিজেপি–শাসিত রাজ্যে কেউ বাংলা বললেই তাঁকে হেনস্থা করা হচ্ছে। এফআইআর করে তাঁকে গ্রেপ্তার করানো হচ্ছে। বাংলায় এসব চলবে না। ধর্নামঞ্চে শ্রেয়া পান্ডে ভাষা নিয়ে বিজেপিকে আক্রমণ করেন। তিনি বলেন, ‘দলের উর্ধ্বতন কর্তৃপক্ষ যা নির্দেশ দেবেন, সেই নির্দেশ মেনে আমরা কাজ করব। মমতাদি, অভিষেক ব্যানার্জি ভাষা নিয়ে আন্দোলন করার নির্দেশ দিয়েছেন। আমাদের এখানে লাগাতার ধর্না চলবে। বাংলা ভাষা আমাদের। এই ভাষায় প্রথম থেকে বাংলার মানুষ কথা বলে আসছেন। বক্তব্য পেশ করেন সায়নদেব চট্টোপাধ্যায়, কৈলাস মিশ্র, সৌরভ বসু। ধর্না শেষ হয় বিকেল চারটে নাগাদ।

সুকান্ত চান শ্যামাপ্রসাদের নামে, কুণাল চাইলেন বিবেকানন্দ

শিয়ালদা স্টেশনের নামবদলের দাবি

আজকালের প্রতিবেদন

শিয়ালদা স্টেশনের নাম বদলে শ্যামাপ্রসাদ মুখার্জির নামে করার দাবি করেছেন কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। পাল্টা প্রাক্তন সাংসদ কুণাল ঘোষ বলেছেন, শিকাগো ধর্মমহাসভায় ঐতিহাসিক বক্তৃতার পর স্বামী বিবেকানন্দ জাহাজে করে ফেরার পথে শিয়ালদায় নেমেছিলেন। যদি নামবদল করতেই হয়, তবে তাঁর নামে করা হোক।

রবিবার রানাঘাট–শিয়ালদা এসি লোকাল ট্রেনের উদ্বোধনে বক্তব্য পেশ করতে গিয়ে সুকান্ত মজুমদার বলেন, ‘আমরা জানি যে, রেল স্টেশনের নাম অনেকটাই নির্ভর করে রাজ্য সরকারের প্রস্তাবের ওপর। আজকের দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে আমার আর্জি যে, কেন্দ্রের কাছে প্রস্তাব করুন শিয়ালদা স্টেশনের নাম ড. শ্যামাপ্রসাদ মুখার্জির নামে করতে। একসময়ে এই স্টেশনে হাজার হাজার উদ্বাস্তু এসেছেন। আর তাঁদের জন্য সবচেয়ে বেশি কাজ যিনি করেছেন, তিনি শ্যামাপ্রসাদ মুখার্জি। তাই তাঁর নামে এই স্টেশনের নাম হোক।’

এরপর চুঁচুড়ায় এক অনুষ্ঠানে কুণাল ঘোষ বলেন, ‘শ্যামাপ্রসাদ মুখার্জি শ্রদ্ধেয় ব্যক্তি। তাঁর নামে তো বন্দর রয়েছে, শিয়ালদা স্টেশন কেন? স্বামী বিবেকানন্দকে সামনে রেখে শিয়ালদা স্টেশনের নাম তাঁর নামে করা হোক। কারণ, শিকাগো ধর্মসভায় ঐতিহাসিক বক্তৃতার পর তিনি জাহাজে করে ফেরার পথে শিয়ালদায় নেমেছিলেন। যদি নামবদল করতেই হয়, তাঁর নামে করা হোক।’

হামলাকারীদের খুঁজছে পুলিশ

● ১ পাতার পর

তবে তাঁদের শনিবারই প্রাথমিক চিকিৎসার পর এসএসকেএম হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়।

এদিন নগরপাল বলেন, ‘আহত পুলিশকর্মীদের শারীরিক অবস্থা স্থিতিশীল। মোট ৭টি এফআইআর হয়েছে। যারা হাইকোর্টের নির্দেশ অবমাননা করেছে, পুলিশকে মেরেছে, হুমকি দিয়েছে, সরকারি ও জনতার সম্পত্তির ক্ষতি করেছে, তাদের চিহ্নিত করা হবে। প্রত্যেকের নাম থাকবে এফআইআর–এ।’ লালবাজার সূত্রের খবর, শনিবার সন্ধেয় নিউ মার্কেট থানায় ৬টি ও হেয়ার স্ট্রিট থানায় ১টি এফআইআর দায়ের হয়েছে। নবান্ন অভিযানের দিন ধর্মতলায় ‘আজকাল’ পত্রিকার চিত্রসাংবাদিক অভিজিৎ মণ্ডলের ওপর হামলা হয়। তাঁর ক্যামেরাও ভেঙে দেয় দুষ্কৃতীরা। এদিন সেই ঘটনার প্রেক্ষিতে নিউ মার্কেট থানায় আরেকটি এফআইআর রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।

প্রাক্তন সাংসদ কুণাল ঘোষ এবং সাংসদ কল্যাণ ব্যানার্জি অভিযোগ করেছেন, আইনের রক্ষাকবচ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে কুৎসা করছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। আন্দোলনের নামে হিংসা ছড়াচ্ছে।

দমদম–ব্যারাকপুর তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক বৈঠকে মন্ত্রী ব্রাত্য বসু ও সাংসদ পার্থ ভৌমিক। ছিলেন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, বিধায়ক নির্মল ঘোষ, মদন মিত্র–সহ অন্যরা। খড়দার টিটাগড় টাটা গেটে, রবিবার। ছবি: ভবতোষ চক্রবর্তী

নিখোঁজ শিশুকে ফেরাল পুলিশ

আজকালের প্রতিবেদন

বিধাননগরের অলিগলি রাস্তায় উদ্দেশ্যহীন ভাবে ঘুরে বেড়ানো এক শিশুকে উদ্ধার করে দ্রুত পরিবারকে ফেরাল বিধাননগর কমিশনারেটের দক্ষিণ থানার পুলিশ। রবিবার দুপুর বিধাননগরের লাবনি বাস স্ট্যান্ডের কাছে বছর চারেকের একটি ছেলেকে কান্নাকাটি করতে দেখেন আশপাশের লোকজনরা। পুলিশকে বিষয়টি জানান বিধাননগর পুরনিগমের ৩৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস নেতা নির্মল দত্ত। পুলিশ শিশুটিকে উদ্ধার করে। পুলিশ সূত্রে খবর, শিশুটি বাবা–মায়ের সঙ্গে বিধাননগরের দত্তবাদে একটি অনুষ্ঠান বাড়িতে এসেছিলেন। সেখান থেকে সে আচমকাই নিখোঁজ হয়। পুলিশ তৎপরতার সঙ্গে ঘণ্টাখানেকের মধ্যেই অশোকনগরের বাসিন্দা নিখোঁজের ওই পরিবারের হদিশ পায়। এরপর আইনি প্রক্রিয়া মেনে বাবা–মায়ের হাতে শিশুটিকে তুলে দিয়েছে পুলিশ। হারানো শিশুকে দ্রুত ফিরে পেয়ে বিধাননগর কমিশনারেট পুলিশের এহেন ভূমিকাকে ভূয়সী প্রশংসা করেছেন শিশুটির বাবা–মা।

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩

কলকাতা ব্রাঞ্চের ঠিকানা: অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা–৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল রুল ৮(৬) ও রুল ৯(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ১৫ দিনের ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ–ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ (‘ঋণগ্রহীতাগণ’)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)–এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ–ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **‘যেখানে আছে’, ‘যেমন আছে’ এবং ‘যা কিছু আছে’ ভিত্তিতে** ২৯.০৮.২০২৫ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না–হলে নিম্নবর্ণিত সম্পত্তি **২৯.০৮.২০২৫ তারিখে দুপুর ২টোয়** ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই–নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ ২৮.০৮.২০২৫ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড**, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা– ৭০০০১৬।
সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি **‘যেখানে আছে’, ‘যেমন আছে’ এবং ‘যা কিছু আছে’** ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)–এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
৩	TCHHL05 00000100 88708 এবং 9982566	মিঃ অশোক দাস, মিসেস রূপালি দাস	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL0500000100088708–এর প্রেক্ষিতে ₹২৫,৬৪,৪৮০.০০ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 9982566–এর প্রেক্ষিতে ₹১,০০,৭৭৯.১৭ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹২৬,৬৫,২৫৯.১৭ ২৩.০৩.২০২৩	₹২০,৫০,০০০.০০ (কুড়ি লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) জামানত (ইএমডি); ₹২,০৫,০০০.০০ (দুই লক্ষ পাঁচ হাজার টাকা মাত্র) **দখলের প্রকৃতি:** বাস্তবিক	**চুক্তি নম্বর TCHHL0500000100088708–এর প্রেক্ষিতে ₹৩৪,২১,২৭৪.০০ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং চুক্তি নম্বর 9982566–এর প্রেক্ষিতে ₹১,৮৬,৩২৯.০০ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹৩৬,০৭,৬০৩.০০** ০২.০৮.২০২৫

<u>**স্থাবর সম্পত্তির বিবরণ**</u>: সামান্য কমবেশি ১০ কাঠা বা ৭.৪২ ডেসিমেল বাস্তু জমির অবিভক্ত অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার সমেতে এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের তৃতীয় তল বা সেকেন্ড ফ্লোরে দক্ষিণ দিক অভিমুখী টাইলের মেঝে দেওয়া ২ (দুটি) বেডরুম, ১ (একটি) লিভিং/ ডাইনিং রুম, বাথ, কিচেন, বারান্দা, টয়লেট কাম প্রিভি নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৮৩৯ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ২০৭ বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– জলখুড়া, জে এল নং ৪, আর এস নং ৬২, তৌজি নং ২৮২৭, আর এস দাগ নং ৭৩৪, আর এস খতিয়ান নং ৪৮২, এল আর দাগ নং ৮৩৫, থানা– মহেশতলা, অংশ বিশেষে হোল্ডিং নং বি–৮৪৬, চট্টা চড়িয়াল রোড, থানা– মহেশতলা, মহেশতলা পুরসভার ২৪ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।
দ্রষ্টব্য: ডিআরটি–III, কলকাতা সমীপে টিসিএইচএফএল–এর বিরুদ্ধে ঋণগ্রহীতা দ্বারা দায়ের করা এসএ/৬৪৬/২০২৩ এবং ডিআরটি, কলকাতা সমীপে এসএ/০৫/২০২৪ মীমাংসাধীন। তবে, উক্ত মামলায় টিসিএইচএফএল–এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ জারি হয়নি।
বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। এই নিলাম উক্ত মামলার রায় সাপেক্ষ হবে।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
৪	TCHHL050 0000010017 8535 এবং TCHIN0500 000100180 577	মিঃ প্রসেনজিৎ প্রামাণিক, মিসেস প্রিয়াঙ্কা দে	লোন অ্যাকাউন্ট নম্বর **TCHHL0500000100178535**–এর প্রেক্ষিতে **₹২৫,৩৯,৪৪০.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং **TCHIN0500000100180577**–এর প্রেক্ষিতে **₹২,০২,০৬৩.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া **₹২৭,৪১,৫০৩.০০** ১২.০৮.২০২৪	₹২৩,৫০,০০০.০০ (তেইশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) **জামানত (ইএমডি):** ₹২,৩৫,০০০.০০ (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) **দখলের প্রকৃতি: বাস্তবিক**	**চুক্তি নম্বর TCHIN0500000100180577–এর প্রেক্ষিতে ₹২৪,২১,৫১.০০ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং চুক্তি নম্বর TCHHL0500000100178535–এর প্রেক্ষিতে ₹৩০,১৫,৫৬৪.০০ বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া ₹৩২,৫৭,৮০৫.০০** ০২.০৮.২০২৫

<u>**স্থাবর সম্পত্তির বিবরণ**</u>: সামান্য কমবেশি ৩ কাঠা ১০ ছটাক জমির প্লটের অবিভক্ত ও অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার সমেতে এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের দ্বিতীয় তল বা ফার্স্ট ফ্লোরে সামান্য কমবেশি ১১৬২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত একটি আবাসিক ফ্ল্যাট, তৎসহ দোতলা বিল্ডিংয়ে প্রায় ১৮৯০ বর্গফুট মাপের সম্পূর্ণ ছাদের অধিকার (পূর্ব অংশে সামান্য কমবেশি ৯৩০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি ফ্ল্যাট এবং পশ্চিম অংশে সামান্য কমবেশি ৯৬০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত অপর একটি ফ্ল্যাট) নিয়ে গঠিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– রামচন্দ্রপুর, জে এল নং ৩১, আর এস নং ৩৩৪, তৌজি নং ৪১৬বি১, পরগনা– মাগুরা, আর এস দাগ নং ৭৩, এল আর দাগ নং ৯৬, খতিয়ান নং ৩৯৭, এল আর খতিয়ান নং ৭৭ ও ৬৮৯, প্রেমিসেস নং ২৯৪/১০, মহাত্মা গান্ধী রোড, কলকাতা–৭০০১০৪ (জোন: জেমস লং সরণি থেকে কবরডাঙ্গা মোড়) (প্রেমিসেসটি এম জি রোডের ওপর অবস্থিত নয়), থানা– হরিদেবপুর (পূর্বতন ঠাকুরপুকুর), ওয়ার্ড নং ১৪২, কলকাতা পুরনিগমের এলাকাধীন (পূর্বতন জোকা ১ নং গ্রাম পঞ্চায়েত), জেলা– দক্ষিণ ২৪ পরগনা। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– আর এস দাগ নং ৭৪ সংবলিত জমি; দক্ষিণ– আর এস দাগ নং ৭২ সংবলিত জমি; পূর্ব– দাগ নং ৭৪ ও ৭৮ সংবলিত জমি এবং ৮ ফুট চওড়া যৌথ পরিসর; পশ্চিম– দাগ নং ১০০১ সংবলিত জমি।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
৫	10481817	মিসেস অর্চনা শিকদার, মিঃ রমেশ শিকদার, মিঃ তাপস শিকদার	₹১১,৪৫,৯৩৮.০০ (এগারো লক্ষ পঁয়তাল্লিশ হাজার নশো আটত্রিশ টাকা মাত্র) ১২.০৯.২০২২	₹১০,০০,০০০.০০ (দশ লক্ষ টাকা মাত্র) **জামানত (ইএমডি): ₹১,০০,০০০.০০** (এক লক্ষ টাকা মাত্র) **দখলের প্রকৃতি**: বাস্তবিক	₹২০,৩৬,৩৩৯.০০ (কুড়ি লক্ষ ছত্রিশ হাজার তিনশো উনচল্লিশ টাকা মাত্র) ০২.০৮.২০২৫

<u>**স্থাবর সম্পত্তির বিবরণ**</u>: সামান্য কমবেশি ১০০ বর্গফুট মাপের কাঠামো/ বাড়ি সমেত সামান্য কমবেশি ২ কাঠা জমি নিয়ে গঠিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: অংশ বিশেষে আর এস দাগ নং ২৫৩৮, এল আর দাগ নং ৪৫৬৬, আর এস খতিয়ান নং ১৬৭, এল আর খতিয়ান নং ৪৬১৮ ও ৬৫১১, জে এল নং ৬, আর এস নং ৩৭, মৌজা– হালিশহর, থানা– বীজপুর, জেলা– উত্তর ২৪ পরগনা, বর্তমানে যেরূপে পরিচিত ও নম্বরযুক্ত: মিউনিসিপ্যাল হোল্ডিং/ প্রেমিসেস নং ১৩২/এন, নবনগর মেন রোড, হালিশহর পুরসভার ৮ নং ওয়ার্ডের এলাকাধীন। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– মনোরঞ্জন পাল দিং; পশ্চিম– প্রকাশ দাস; উত্তর– মণীন্দ্র পাল সিং; দক্ষিণ– ৬ ফুট চওড়া যৌথ পরিসর।
দ্রষ্টব্য: টিসিএইচএফএল এর বিরুদ্ধে তৃতীয় পক্ষের দায়ের করা রিট পিটিশন (WP/13968/2025) কলকাতা হাইকোর্টের বিচারাধীন, উক্ত মামলায় টিসিএইচএফএল–এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ জারি করা হয়নি।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক
৬	10584368	মিসেস সীমা মল্লিক মিঃ রাজা মল্লিক মিঃ সুবীর শূর	₹৩৭,২৫,৯৩৮.৭৭ (সাঁইত্রিশ লক্ষ পঁচিশ হাজার নশো আটত্রিশ টাকা এবং সাতাত্তর পয়সা মাত্র) ১৩.১২.২০২২	₹২৮,৪০,০০০.০০ (আটাশ লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) **জামানত (ইএমডি): ₹২,৮৪,০০০.০০** (দুই লক্ষ চুরাশি হাজার টাকা মাত্র) **দখলের প্রকৃতি:** বাস্তবিক	₹৫৫,৩৯,৫৩০.০০ (পঞ্চান্ন লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশো ত্রিশ টাকা মাত্র) ০২.০৮.২০২৫

<u>**স্থাবর সম্পত্তির বিবরণ:**</u> স্থাবর সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের তৃতীয় তলের দক্ষিণ দিকে আবাসিক ফ্ল্যাট নং বি২, সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৯১০ বর্গফুট, যাতে তিনটি বেডরুম, একটি ড্রইং কাম ডাইনিং রুম, একটি কিচেন, দুটি টয়লেট আছে, ফ্ল্যাটের সঙ্গে যুক্ত জমির অবিভক্ত সমানুপাতিক অংশের অধিকার, স্বত্ব এবং স্বার্থ সহ, নতুন নির্মিত বিল্ডিং, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৬২ই/৫৪এ, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, পোস্টাল ঠিকানা ডি/৮২, বাপুজি নগর, থানা যাদবপুর, কলকাতা–৭০০০৯২, কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৯৬ এর এলাকাধীন, এডিএসআর অফিস আলিপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা। জমির মাপ কমবেশি ৪ কাঠা, তার উপর জি+৩ তলবিশিষ্ট বিল্ডিং, মৌজা–বেদরিয়াপুর, জে এল নং ৩৪, ই/পি নং–৫৪, এসপি ২১২, সি এস প্লট নং ৫২৩ (অংশ), ৫২৪ (অংশ), ৫৩২ (অংশ), ৫৩৩ (অংশ), কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৯৬ এর এলাকাধীন, প্রেমিসেস নং ৬২ই/৫৪এ, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, এছাড়াও পোস্টাল ঠিকানা ডি/৮২, বাপুজি নগর, থানা যাদবপুর, কলকাতা–৭০০০৯২, এডিএসআর অফিস আলিপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ৬ ফুট চওড়া কলোনির রাস্তা; দক্ষিণ– ১৬ ফুট ৬ ইঞ্চি চওড়া কলোনির রাস্তা; পূর্ব– ইপি নং ৫০, ৫১ এবং ৫৬; পশ্চিম– ৭ ফুট চওড়া কলোনির রাস্তা।

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে:
দ্রষ্টব্য: এই ই–নিলাম https://auctionbazaar.com পোর্টালের মাধ্যমে ২৯.০৮.২০২৫ তারিখে দুপুর ২টো থেকে দুপুর ৩টার মধ্যে প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণে আয়োজিত হবে।
শর্ত ও নিয়মাবলি:
১. এই তফসিলে উল্লিখিত বিবরণ নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুযায়ী দেওয়া হয়েছে, তবে এই ঘোষণাপত্রে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী কোনওভাবেই জবাবদিহি করতে বাধ্য নন। বিডের অর্থাঙ্ক বা বিডার সম্পর্কিত কোনও বিতর্ক দেখা দিলে অনুমোদিত আধিকারিকের সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত লটের সম্পত্তি পুনরায় নিলাম করা হবে। ২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সম্পত্তি বিক্রি করা হবে না। ৩. বিড বাড়ানোর মূল্য হবে **₹১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র)**। ৪. সম্পত্তি ক্রয়ের জন্য পেশ করা প্রতিটি বিডের সঙ্গে ওপরে উল্লিখিত বায়না মূল্য (ইএমডি) বাবদ **‘TATA CAPITAL HOUSING FINANCE LTD.’**–এর অনুকূলে কাটা ও ওপরে লেখা ব্রাঞ্চের ঠিকানায় প্রদেয়মতে ডিমান্ড ড্রাফ্‌ট দিতে হবে। নিলামের পরে অসফল বিডারদের ডিমান্ড ড্রাফ্‌ট ফেরত দেওয়া হবে। এনইএফটি/ আরটিজিএস/ আইএমপিএস–এর মাধ্যমে ইএমডি প্রদানের জন্য অনুগ্রহপূর্বক অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন। ৫. সর্বাধিক বিডারকে সম্পত্তির ক্রেতা ঘোষণা করা হবে এই শর্তসাপেক্ষে যে তিনি বিড করার জন্য আইনত যোগ্য এবং পাশাপাশি নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা তাঁর তরফে পেশ করা বিডমূল্য কম নয়। প্রস্তাবিত বিক্রয়মূল্য স্পষ্টতই অপর্যাপ্ত মনে হলে এবং এটি গ্রহণ করা অপরামর্শসিদ্ধ হলে সর্বাধিক দরপ্রস্তাব বাতিলের অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। ৬. নথিভুক্ত কোনও কারণে অনুমোদিত আধিকারিক এই বিক্রি স্থগিত/ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়ার অধিকারী। ৭. আগাম যোগাযোগের পরে ২১.০৮.২০২৫ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সম্পত্তি পরিদর্শন করা যাবে। ৮. কোনও ব্যক্তিকে সফল ক্রেতা ঘোষণার তিনি সঙ্গে সঙ্গে বা ২৪ ঘণ্টার মধ্যে অনুমোদিত আধিকারিকের কাছে ক্রয়মূল্যের পঁচিশ শতাংশ অর্থমূল্য জমা দেবেন এবং এরূপে অর্থ প্রদানে তিনি ব্যর্থ হলে সম্পত্তি পুনরায় নিলামের/ব্যক্তিগত চুক্তির মাধ্যমে বিক্রি করা হবে। ৯. উপরোক্তমতো প্রাথমিক অর্থাঙ্ক জমা দেওয়া হলে, ক্রয়মূল্যের বাকি অর্থাঙ্ক সফল ক্রেতা সম্পত্তির বিক্রি নিশ্চিতকরণের তারিখ থেকে ১৫তম দিনের মধ্যে (বিক্রির তারিখ বাদ দিয়ে এবং উক্ত ১৫তম দিনটি রবিবার বা কোনও ছুটির দিন হলে ১৫তম দিনের পরবর্তী অফিস চলার দিনে) অনুমোদিত আধিকারিকের কাছে জমা দেবেন। ১০. ওপরে লেখা নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থমূল্য প্রদানে ব্যর্থ হলে নতুন বিক্রির ঘোষণাপত্র জারির পরে/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে এবং খেলাপকারী ক্রেতা দ্বারা সেই তারিখ অবধি জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড দ্বারা বাজেয়াপ্ত করা হবে এবং খেলাপকারী ক্রেতা উক্ত সম্পত্তি বা পরবর্তীতে যে অর্থমূল্যের বিনিময়ে সম্পত্তিটি বিক্রি হবে, তার ওপর সমস্ত দাবি হারাবেন। ১১. টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড অবগত আছে, উক্ত সম্পত্তির ওপর এমন কোনও দায়ের বিশদ তথ্য: ওপরের টেবিলে উল্লেখ মতো। আগ্রহী বিডারদের প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদির মতো সম্পত্তির ওপর বিধিবদ্ধ দায়গুলি সম্পর্কে নিজেরা স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে নিঃসন্দেহ হয়ে নেন। **১২. ই–নিলাম সম্পর্কিত বিশদ তথ্য, সহায়তা, পদ্ধতি এবং অনলাইন প্রশিক্ষণের জন্য সম্ভাব্য বিডাররা পরিষেবা প্রদানকারী সংস্থার সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: এআরসিএ ইমার্ট প্রাইভেট লিমিটেড, ৬–৩–১০৯০/১/১, ফ্লোর নং ২, পার্ট ‘বি’, উমা হায়দরাবাদ হাউস, রাজভবন রোড, সোমাজিগুড়া, হায়দরাবাদ–৫০০০৮২, ই–মেল আইডি: contact@auctionbazaar.com/ support@auctionbazaar.com বা মণীশ বনসাল, ই–মেল আইডি: Manish.Bansal@tatacapital.com, অনুমোদিত আধিকারিক, মোবাইল নম্বর: ৮৫৮৮৯৮৩৬৯৬। অনুগ্রহপূর্বক আপনাদের প্রশ্ন পাঠাবেন এই হোয়াটসঅ্যাপ নম্বরে: ৯৯৯৯০৭৮৬৬৯।** ১৩. ঘোষিত সর্বাধিক বিডমূল্যের ওপর সর্বাধিক বিডারকে ১% হারে টিডিএস আদায় দিতে হবে। এই অর্থাঙ্ক সর্বাধিক বিডারকে স্বত্বাধিকারী/ঋণগ্রহীতা(গণ) এর প্যান উল্লেখ করে জমা দিতে হবে এবং চালানের প্রতিলিপি আমাদের কোম্পানিতে পেশ করতে হবে। ১৪. উপরোক্ত তথ্যগুলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট **http://surl.li/fmnsyr** দেখুন। ১৫. এর পাশাপাশি অনুগ্রহপূর্বক এই লিঙ্কটিও দেখুন: **https://www.tatacapital.com/property-disposal.html.**
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন: এই সম্পত্তি বিক্রি/নিলামের জন্য উপরিলিখিত নিলামকারী অংশীদার ছাড়া অন্য কোনও ব্রোকার/এজেন্টকে টিসিএইচএফএল–এর তরফে নিয়োগ করা হয়নি। এই বিষয়ে যাবতীয় প্রশ্ন ও ব্যাখ্যার জন্য আগ্রহী পক্ষগণ কেবলমাত্র নিম্নস্বাক্ষরকারী বা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করবেন।

স্থান: পশ্চিমবঙ্গ
তারিখ: ১১.০৮.২০২৫

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য / বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১	মিঃ সঞ্জয় ব্যানার্জি (ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00005760077 LBCAL00005861965 LBCAL00005763257	‘পূরবী অ্যাপার্টমেন্টস’, ফ্ল্যাট নং ৫সি, ফ্লোর নং ৫, প্রেমিসেস নং ২৮, রাসবিহারী অ্যাভিনিউ, বর্তমানে প্রেমিসেস নং এ/২৮/৫সি, রাসবিহারী অ্যাভিনিউ, রোড জোন (টোলি নালা রাসবিহারী মোড়– দক্ষিণ ভাগ, ওয়ার্ড নং ৮৮৮, প্রেমিসেস নং ২–৮৪, সবগুলিই জোড়), থানা ও পোঃঅঃ– টালিগঞ্জ, কলকাতা পুরনিগম, ওয়ার্ড নং ৮৮, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০২৬। আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণের বিল্ট আপ পরিমাপ সামান্য কমবেশি ৯৫২ বর্গফুট (সুপার বিল্ট আর এরিয়া প্রায় ১২০০ বর্গফুট), তৎসহ গ্রাউন্ড ফ্লোরে প্রায় ১৭৬ বর্গফুট মাপের একটি ওপেন কার পার্কিং স্পেস, তৎসহ উক্ত বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার।	₹ ৮১,৪৩,৭৫৬/– ৪ জুলাই, ২০২৫ অনুযায়ী	₹ ৯৩,৭০, ০০০/– / ₹ ৯,৩৭, ০০০/–	৪ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ২টো	১১ সেপ্টেম্বর, ২০২৫ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবিলের কলাম নং ‘E’ দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ১০ সেপ্টেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ১০ সেপ্টেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ১০ সেপ্টেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে ‘ICICI Bank Limited’–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।
সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৬৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্‌ট প্রাঃ লিঃ–কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১১ আগস্ট, ২০২৫; স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

pnb Housing Finance Limited
Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

কলকাতা শাখা: ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী ‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এক্সিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
00286660000474 মিঃ পার্থসারথি ঘোষ, মিঃ সঞ্জীব বোস (জামিনদার) ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹ ১০,৪৫,৬৭৬.৭৪ ০৭.০৯.২০২১ অনুযায়ী	বাস্তবিক দখল	স্বত্বসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: পরিমার্জিত ফ্ল্যাট নং ‘এস–৫’ হিসেবে চিহ্নিত, ‘শুভ পুষ্প প্রতিম’ নামক প্রেমিসেসের সেকেন্ড ফ্লোরে (তৃতীয় তল) উত্তর–পশ্চিম পার্শ্বে, সুপার বিল্ট আপ এরিয়া ১০৪১ বর্গফুট, এতে অন্তর্ভুক্ত ৩টি বেডরুম, ১টি ডাইনিং–কাম–ড্রয়িং, ১টি কিচেন, ১টি টয়লেট, ১টি ডব্লুসি এবং ২টি বারান্দা, উক্ত পাঁচতলা বিল্ডিংটি সামান্য কমবেশি ৭ কাঠা মাপের জমিতে নির্মিত, মৌজা– ঘোলা, জে এল নং ১৪, আর এস নং ১০৩, উত্তর ২৪ পরগনা কালেক্টরের তৌজি নং ৬, সি এস প্লট নং ১৬, ১৭ ও ১৮, সোদপুর ডেভেলপমেন্ট স্কিম প্লট নং ৩২৪, রেসিডেন্সিয়াল জোন ব্লক ‘বি’, পানিহাটি মিউনিসিপ্যালিটির অধিক্ষেত্রাধীন, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২, বারাসত রোড, ওয়ার্ড নং ৩৩, থানা– ঘোলা, জেলা– উত্তর ২৪ পরগনা। ফ্ল্যাটের চৌহদ্দি: উত্তর– কমন স্পেস; দক্ষিণ– সিঁড়ি; পূর্ব– ফ্ল্যাট; পশ্চিম– কমন স্পেস।	₹ ২০,৩৪,০০০/–	₹ ২,০৩,৪০০/–	১১.০৯.২০২৫	₹ ১০,০০০/–	০৫.০৯.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১২.০৯.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টা	পার্থ সারথি ঘোষ বনাম পিএনবি এইচএফএল, এসএ নং ১২০/২০২৪

* তহবিল পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। ১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় থেকে মুক্তি বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। ২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। ৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিশ্চিতির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। ৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, auction@pnbhousing.com অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ০৯.০৮.২০২৫

অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড